

**Idiom** : Idiom হলো a group of words যার প্রকৃত অর্থ প্রত্যেকটি আলাদা আলাদা word এর অর্থ হতে একেবারে ভিন্ন। বাংলা বাগধারার মতো। যেমন-

- ⇒ It is raining cat and dogs.
- ⇒ 16<sup>th</sup> December is a red letter day.
- ⇒ She could not understand the writing on the wall.

প্রথম বাক্যে- cats and dogs অর্থ বিড়ালগুলো ও কুকুরগুলো নয় বরং তা 'মুষলধারে'। cats ও dogs এর সাথে উক্ত শব্দগুচ্ছের প্রকৃত অর্থের কোনো মিল নেই। তাই এটি Idiom.

এই রূপ- red letter বা লাল চিঠির সাথে idiom এর প্রকৃত অর্থ 'স্মরণীয় দিন' এর কোন মিল নেই। আবার, the writing on the wall- কোন দেয়াল লিখন নয় বরং idiomটির অর্থ- খারাপ কিছু পূর্বাভাস।

01. The phrase 'Achilles heel' means :

[১৫তম বিসিএস '২৩; ৩৭তম বিসিএস '১৬; ২০২৩০৩; ২০২২০১; ২০২১৫০; ২০১৮০৩; ২০০৮০১; প্র. নি. প্র. (প্রভাষক) (কলেজ) '১৯]

- (ক) A strong point
- (খ) A weak point
- (গ) A permanent solution
- (ঘ) A serious idea

✓ ব্যাখ্যা : গ্রিক বীর একিলিস (Achilles) জনের সময় সাগরপরীরা ভবিষ্যৎদ্বানী করেন, ভয়ংকর এক যুদ্ধে একিলিস মারা যাবে। ছেলেকে এই পরিণতি থেকে রক্ষার জন্য একিলিসের মা তাকে সিন্ধু নদীতে স্নান করান। তবে, একটা খুঁত থেকে গিয়েছিল। পায়ের গোড়ালি ধরে চুবানোর সময় মায়ের হাতে ধরে থাকা ঐ অংশটুকু ছাড়া একিলিসের সমস্ত শরীর অমরত্ব লাভ করে। ট্রয়ের যুদ্ধে একিলিস যুদ্ধক্ষেত্রে হেক্টরকে হত্যা করার পরে, হেক্টরের ভাই প্যারিস একিলিসে দিকে বর্শা নিক্ষেপ করে। দুঃভাগ্যবশত বর্শাটি একিলিসের গোড়ালিতে বিদ্ধ করে। এতে মৃত্যুবরণ করে একিলিস। গ্রিক পুরাণের সেই কাহিনি থেকে 'Achilles heel' বা 'একিলিসের গোড়ালি' বলতে Weak point বা vulnerable point বোঝায়।

02. What is the meaning of the idioms 'A bad egg'?

[২০২৩০৩]

- (ক) Unreliable person
- (খ) Dangerous person
- (গ) A person who cannot create anything
- (ঘ) None of this

✓ ব্যাখ্যা : Bad egg হলো- a person who is bad, dishonest, corrupt, or unreliable or good for nothing (unreliable- অবিশ্বস্ত)। bad egg এর বিপরীত হলো- good egg (reliable) বা বিশ্বস্ত। প্রসঙ্গত, bad book অর্থ- খারাপ নজর (disfavour)।

03. What does 'Abode of God' means?

[প্রা. গ. ম. (সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO)) '১২]

- (ক) Home of God
- (খ) Heaven
- (গ) Garden
- (ঘ) Residence

✓ ব্যাখ্যা : Adobe শব্দের অর্থ আবাস। আর ঈশ্বরের আবাস হচ্ছে স্বর্গ (Heaven). তাই Abode of God বলতে Heaven বোঝায়।

04. He was — to die.

[২০২৪০৫; ২০২৪০৪; ২০২৩৫৬]

- (ক) in
- (খ) since
- (গ) from
- (ঘ) about

✓ ব্যাখ্যা : about to + infinitive (কোন কিছু করতে উদ্যত)। যেমন : The train is about to leave the station. বাক্যের 'about to' adjective এর কাজ করে। প্রশ্ন প্রদত্ত বাক্যে 'about' বসিয়ে অর্থ হয়- তার মরমর অবস্থা।

05. He is — all a poet.

[২০১৯৭]

- (ক) beyond
- (খ) to
- (গ) above
- (ঘ) over
- (ঙ) over

✓ ব্যাখ্যা : Above all- সর্বোপরি। বাক্যটির অর্থ: তিনি সর্বোপরি (সবকিছুর উপরে) একজন কবি।

Example: This book is above all a story of a mother's love. (বেইটি সর্বোপরি এক মায়ের ভালোবাসার গল্প)

06. 'After death the doctor' is—

[২০১৫০৩]

- (ক) a proverb
- (খ) a phrase
- (গ) an idiom
- (ঘ) a simile

✓ ব্যাখ্যা : After death the doctor হলো একটি phrase যার অর্থ- চোর পালালে বুদ্ধি বাড়ে। (To be wise after the event)

07. 'After one's own heart means —

[২০১৯৩২]

- (ক) to be in high spirit
- (খ) with complete devotion
- (গ) to one's content
- (ঘ) to the same mind

✓ ব্যাখ্যা : After one's own heart- মনের মত।

08. The expression 'after one's own heart' means.

[২০২৩৬৪]

- (ক) to be in low spirit
- (খ) with complete devotion
- (গ) to one's own liking
- (ঘ) to be in high spirit

✓ ব্যাখ্যা : 'After one's own heart' means having the same opinions or interests as you. এর বাংলা অর্থ- মনের মতো বা পরম প্রিয় (to one's own liking)।

যেমন- She is a woman after my own heart.

09. 'All at once'— phrase-টির অর্থ হলো—

[২০২৩২১; ২০২৪৩৫; ২০২৩১৪; ২০২১৬৩; ২০১০০২; প্রাথমিক (সহকারী শিক্ষক) '১২; রে. বে. প্রা. (শিক্ষক) '১১; প্রা. বি. (প্রধান শিক্ষক) '০৯]

- (ক) Suddenly
- (খ) Quickly
- (গ) Slowly
- (ঘ) Gradually

✓ ব্যাখ্যা : All at once- হঠাৎ বা suddenly.

10. 'All in all' এর অর্থ— [রে. বে. প্রা. (শিক্ষক) ১১]

- (ক) all powerful (খ) powerless  
(গ) who has lost power (ঘ) only one

✓ ব্যাখ্যা : "All in All" অর্থ সর্বসর্বা বা all powerful.

11. 'All at once' means — [২০২৪১১]

- (ক) suddenly (খ) quickly  
(গ) slowly (ঘ) gradually

✓ ব্যাখ্যা : 'All at once' means suddenly and unexpectedly. এর বাংলা অর্থ— হঠাৎ বা আচমকা।

Word	Meaning
Suddenly	হঠাৎ
Quickly	দ্রুততার সাথে
Slowly	ধীরগতিতে
Gradually	ক্রমে ক্রমে

12. The expression 'He is all but ruined' means— [২০১৬০১]

- (ক) He has everything  
(খ) He is out of danger  
(গ) He is nearly ruined  
(ঘ) He ruined others than himself

✓ ব্যাখ্যা : All but— প্রায়। তাই, সঠিক বাক্যটি হবে— He is nearly ruined (সে প্রায় ধ্বংস-প্রাপ্ত)।

13. When a person says he's all in', it means— [১৭তম বিসিএস ১৯৯৫-৯৬]

- (ক) He is very tired  
(খ) He has arrived  
(গ) He has finished packing  
(ঘ) He has got everything

✓ ব্যাখ্যা : All in একটি Group verb যার অর্থ— পরিশ্রান্ত, ক্লান্ত। তেমনিভাবে, give in— অবশেষে কাউকে কিছু দিতে সম্মত হওয়া, give up— ছেড়ে দেয়া।

14. The phrase 'an apple of discord' means — [২০২২২২]

- (ক) a sour apple  
(খ) an important matter  
(গ) an unexpected gift  
(ঘ) an object of quarrel

15. Identify the meaning of the Idiom: an arm and a leg. [২০২৩৩২]

- (ক) A reasonable amount of money.  
(খ) A huge amount of money.  
(গ) A fair amount of money.  
(ঘ) A good deal of money

✓ ব্যাখ্যা : 'An arm and a leg' means a very large or huge amount of money. এর বাংলা অর্থ— অনেক অর্থ বা ব্যয়বহুল। যেমন— It's a reliable car, and it does not cost an arm and a leg.

16. Arm in arm means— [২০২২৩৩]

- (ক) হাতে হাত রাখা (খ) পরস্পর সম্পর্কিত বিষয়  
(গ) সুসম্পর্ক (ঘ) সৌজন্য বিনিময়

✓ ব্যাখ্যা : Arm in arm অর্থ— হাত ধরাধরি করে বা বাহুতে বাহুতে জড়াইয়া

Example : This couple always walks arm in arm.

17. 'Apple of discord' means — [২০১৯২১; ২০০৯০৪]

- (ক) an attractive object (খ) object of dispute  
(গ) disagreement (ঘ) a valuable object

✓ ব্যাখ্যা : Apple of discord— বিবাদের বিষয় (Object of dispute বা an object of quarrel)।

18. The idiom 'a piece of cake' means — [২০২৪১০]

- (ক) a thing that is very easy to do  
(খ) a slice of cake  
(গ) an experienced person  
(ঘ) valueless act

✓ ব্যাখ্যা : 'A piece of cake' refers to a thing that is very easy to do. এর অর্থ— সহজ বা সহজে করা যায় এমন কিছু। যেমন— I never said that training him would be a piece of cake.

19. 'Asparagus' means— [প্রাথমিক (সহকারী শিক্ষক) '০৫]

- (ক) A chart of bus fare (খ) A price list  
(গ) A valuable food (ঘ) A valuable menu

✓ ব্যাখ্যা : Asparagus এক ধরনের vegetable.

20. At a discount means— [২০২২৩৩]

- (ক) অনাদৃত (খ) মূল্যহ্রাস  
(গ) গুরুত্বপূর্ণ (ঘ) জনপ্রিয়

21. 'At a loss' means— [শি. নি. প্র. (শিক্ষক) (ফ্লা) ১৭]

- (ক) puzzled (খ) destroyed  
(গ) defeat (ঘ) harm

✓ ব্যাখ্যা : At a loss— হতবুদ্ধি (Puzzled)।

22. 'At a stretch' means:

[শি. নি. প্র. (শিক্ষক) (ফ্লা) ১৯; ২০১২০৩; ২০১২০৫; প্রা. গ. ম. (পিটিআই জুনিয়র ইন্সট্রাক্টর (টেক)) ১৬]

- (ক) irregularly (খ) without break  
(গ) decaying (ঘ) long way

✓ ব্যাখ্যা : At a stretch— একটানা বা বিরতিহীন।

23. A drawing man catches — a straw.

[প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম ধাপ) '২৩]

- (ক) to (খ) for (গ) on (ঘ) at

24. 'At home'-এর অর্থ হচ্ছে— [২০২৩২৬; প্রাথমিক (সহকারী শিক্ষক) (৪র্থ ধাপ) ১৯; প্রা. প্রা. (সহকারী শিক্ষক) ১৩; রে. বে. প্রা. (শিক্ষক) ১১; প্রা. বি. (প্রধান শিক্ষক) ১০; প্রা. বি. (প্রধান শিক্ষক) '০৯]

- (ক) home made of bricks (খ) one who has lost home  
(গ) try to make a home (ঘ) familiar with

✓ ব্যাখ্যা : At home— দক্ষ/পরিচিত।

তাই, at home এর অর্থ হবে familiar with.

25. Put the correct preposition in the blank. I am quite — home in Algebra.

[২০২২২৮; প্রা. গ. ম. (পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ)) ১৯]

- (ক) at (খ) for (গ) in (ঘ) of

✓ ব্যাখ্যা : 'at home' phrase এর অর্থ- দক্ষ। যেমন- My mother is at home in singing। প্রদত্ত প্রশ্নের শূন্যস্থানে preposition "at" বসিয়ে অর্থ- আমি বীজগণিতে দক্ষ।

26. What is the meaning of the phrase 'At large'? [২০২৩৭৫; ২০২৪১২]

- (ক) confined (খ) free  
(গ) imprisoned (ঘ) chained

✓ ব্যাখ্যা : 'At large' means free, roaming, on the run. এর বাংলা অর্থ- স্বাধীনভাবে। যেমন- There has been a loss of community values in society at large.

Word	Meaning
Confined (Adj)	আবদ্ধ
Free (Adj)	স্বাধীন
Imprisoned (Adj)	কারারুদ্ধ
Chained	আবদ্ধ

27. What is the meaning of 'at one's fingertips'? [২০২২০৪]

- (ক) to take revenge (খ) matter of shame  
(গ) complete knowledge (ঘ) injured finger

✓ ব্যাখ্যা : At one's fingertips = নখদর্পনে বা কোন কিছুর সাথে সম্পূর্ণ পরিচিত বা পূর্ণাঙ্গ জ্ঞান রয়েছে (complete knowledge)

Example- All rules of English grammar are his fingertips.

28. Fill in the gap : 'Birds fly — in the sky.' [৪৩তম বিসিএস '২১; ২০২৩৪৩; ২০২৪২২; ২০২৪১১]

- (ক) random (খ) at large  
(গ) at a stretch (ঘ) at long

✓ ব্যাখ্যা : At a stretch- একটানা।

যেমন- She hoped to finish all the drawings at a stretch.

At large- স্বাধীনভাবে।

যেমন- The figure (পলাতক) was still at large.

At along- একটানা।

যেমন- There are trees all along the road.

শূন্যস্থানে 'At large' বসিয়ে অর্থ হয়- পাখিরা স্বাধীনভাবে আকাশে উড়ে।

29. 'At sixes and sevens' means— [২০২৩০৫]

- (ক) in danger (খ) aimlessly  
(গ) perplexed (ঘ) in a confused state

✓ ব্যাখ্যা : At sixes and sevens = in a confusion, badly organized (বিশৃঙ্খল); perplexed = বিভ্রান্ত/কিংকর্তব্যবিমূঢ়।

Example : (i) The government is at sixes and sevens over the issue of domestic security.

(ii) All the furniture in the room were at sixes and sevens (বিশৃঙ্খল অবস্থা)।

30. Choose the right idiom for the sentence- 'The things are lying on the table —. [২০২৩৫৯]

- (ক) at six and seven (খ) at sixes and sevens  
(গ) at six and sevens (ঘ) in sixes and sevens

✓ ব্যাখ্যা : The phrase 'at sixes and sevens' means in a confused, badly organized or difficult situation. এর বাংলা অর্থ- এলোমেলো বা বিশৃঙ্খল।

যেমন- We have been at sixes and sevens in the office this week.

প্রদত্ত বাক্যের শূন্যস্থানে 'At sixes and sevens' বসিয়ে অর্থ হয়- সবকিছু টেবিলের উপর এলোমেলোভাবে পরে আছে।

31. Choose the correct sentence — [২০১৯১১]

- (ক) He found the books at six and sevens.  
(খ) He found the books at sixes and sevens.  
(গ) He found the books in six and sevens.  
(ঘ) He found the books in sixes and seven.

✓ ব্যাখ্যা : At sixes and sevens- বিশৃঙ্খল অবস্থা।

32. The phrase 'at loggerheads' means—

[প্র. নি. প্র. (প্রভাবক) (কলেজ) '১৯]

- (ক) very close (খ) belligerent  
(গ) quarreling (ঘ) distant relation

✓ ব্যাখ্যা : At loggerheads- বিবদমান (quarreling)।

33. What is the meaning of the phrase 'At home with'?

[প্র. প্র. (সহকারী শিক্ষক) '১৩]

- (ক) Family relation (খ) At Ease  
(গ) Neighbour (ঘ) Free at

✓ ব্যাখ্যা : At home with- কোন কিছুতে আরামবোধ করা/মানানসই হওয়া। উত্তর হবে at Ease.

34. The meaning of 'feel at home' — [২০২০১৮]

- (ক) Calm & Quiet (খ) Free & Easy  
(গ) Familiar & Known (ঘ) Proficient & Expert

✓ ব্যাখ্যা : Feel at home মানে স্বাচ্ছন্দ্যবোধ করা অর্থাৎ, Free and Easy হবে উত্তর।

35. 'Back up' means— [২০১২০৪]

- (ক) stop (খ) support  
(গ) explode (ঘ) continue

✓ ব্যাখ্যা : Back up- সমর্থন করা (Support)।

36. Although he has failed in he written examination, he is using backstairs influence to get the job. [২০১১০৩]

- (ক) Political influence  
(খ) Deserving and proper influence  
(গ) Backing influence  
(ঘ) secret and unfair influence

✓ ব্যাখ্যা : Backstairs influence- গোপন ও অনৈতিক প্রভাব (Secret and unfair influence)।

37. Black will take no other — [২০২২০৪]

- (ক) cream (খ) dirt (গ) hue (ঘ) form

✓ ব্যাখ্যা : Black will take no other hue প্রবাদটির অর্থ- কয়লা ধুইলে ময়লা যায় না। সংস্কৃত ভাষায় একে বলে- শতধৌতেন মনিনত্বং ন মুচতি। (hue অর্থ- রং; hue and cry = হৈ চৈ)

38. 'Bad blood' means — [২০২১৩৮; ২০১৮০২; ২০০৮০১]

- (ক) impure blood (খ) poisonous  
(গ) enmity (ঘ) friendship

✓ ব্যাখ্যা : Bad blood— শত্রুতা (Enmity)।

39. 'Bag and baggage' idiom এর অর্থ হচ্ছে—

[প্রাথমিক (সহকারী শিক্ষক) ১২]

- (ক) Properly (খ) Heavy things  
(গ) Leaving nothing behind (ঘ) Costly things

✓ ব্যাখ্যা : 'Bag and baggage' অর্থ তল্লিতল্লাসহ। Leaving nothing behind কোন কিছুই বাদ না দিয়ে সব পোটলা বাঁধা।

40. Find out the meaning of the following phrase 'By and Large' — [৪৬তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০২৪]

- (ক) very large (খ) on the whole  
(গ) far way (ঘ) the largest one

✓ ব্যাখ্যা : 'By and large' means on the whole, largely, mostly, everything considered or in great measure. এর বাংলা অর্থ— মোটের উপর, প্রধানত, সর্বোপরি। যেমন— Mammals have, by and large, bigger brains than Reptiles.

41. The phrase 'Bakers dozen' means —

[২০২১১৫; ২০২১২৪; ২০২১৩১; প্রা. প্রা. (সহকারী শিক্ষক) ১৩]

- (ক) 13 (খ) 12 (গ) 11 (ঘ) 24

✓ ব্যাখ্যা : 'Bakers dozen' means a group or set of thirteen. অর্থাৎ, 'Bakers dozen' অর্থ— ১৩। মধ্যযুগে ইংল্যান্ডে রুটির দাম সম্পৃক্ত একটি আইন ছিল। সে সময় যে বিক্রেতা রুটির ওজন কম দিত তাকে কঠোর শাস্তি দেওয়া হতো। কোনো ক্রেতা এক ডজন রুটি চাইলে, বিক্রেতা শাস্তি থেকে নিরাপদ থাকার জন্য ১৩টি রুটি দিতেন।

42. 'Banjo' is related to — [২০১৯২৮]

- (ক) music (খ) painting  
(গ) gardening (ঘ) dancing

✓ ব্যাখ্যা : 'Banjo' is a musical instrument with a drumlike body, a fretted neck and usually four or five strings। অর্থাৎ— 'Banjo' হলো গিটারের মতো দেখতে একধরনের তারের বাদ্যযন্ত্রবিশেষ যা গান করতে ব্যবহৃত হয়। অতএব, 'Banjo' is related to 'music'।

43. The idiom 'be all ears' means — [২০১৯২০]

- (ক) listen with great interest and curiosity  
(খ) become fully aware of something important  
(গ) always agree with other people  
(ঘ) be highly confused

✓ ব্যাখ্যা : The idiom "be all ears" এর অর্থ— কোন কিছু আগ্রহী এবং কৌতুহল সহকারে শোনা।

যেমন— The children were all ears when Granny started telling them a story।

অতএব, প্রশ্নের উল্লিখিত 'idiom' টি প্রদত্ত অপশন গুলোর মধ্যে "listen with great interest and curiosity" এর সমার্থক।

44. 'Life is not a bed of rose' means — [২০২১২৩; ২০১৯১৫]

- (ক) None of the above.  
(খ) Life is a bed of mery gold.  
(গ) Life is a bed of flowers other than rose.  
(ঘ) Life is a painful journey.

✓ ব্যাখ্যা : Life is not a bed of roses. জীবনটা পুষ্পশয্যা নয়। অর্থাৎ, Life is not so pleasant as you seem. অতএব, সঠিক উত্তর Life is a painful journey.

45. What is the meaning of 'a bed of rose'?

[২০১৭০৮; ২০১০০৩]

- (ক) bed full of roses  
(খ) a comfortable bedroom  
(গ) a life only of joy and happiness  
(ঘ) a soft rosy hed

46. 'Beggar description' phrase-টির অর্থ হচ্ছে—

[প্রা. প্রা. (সহকারী শিক্ষক) ১৩]

- (ক) Miser (খ) Undescribable  
(গ) Very poor (ঘ) Inefficient

✓ ব্যাখ্যা : Beggar description— বর্ণনাতীত বা ভাষায় প্রকাশ করা যায় না। তাই Beggar description এর অর্থ হবে undescribable.

47. The condition of most slum dwellers is so miserable that it cannot be described in words.

— Which is the best phrase for the underlined expression above? [১৪তম বিসিএস (শিক্ষা) ৯২]

- (ক) beggars description (খ) cuts to the quick  
(গ) boils own to this (ঘ) keeps open house

✓ ব্যাখ্যা : বাক্যটির অর্থ— অধিকাংশ বস্তিবাসির (slum dwellers) অবস্থা এতই শোচনীয় (miserable) যে ভাষায় প্রকাশ করা যায় না। Beggars description অর্থ— বর্ণনাতীত, এটিই হবে উত্তর। Cuts to the quick— মনে আঘাত দেওয়া, boils down to this— সার-সংক্ষেপ, summary। Keeps open house— যে কোন সময় অতিথিকে ঘরে স্বাগতম জানানো।

48. 'Big bug' means— [২০২৩৩০; শি. নি. প্র. (শিক্ষক) (ফুল) ১৯]

- (ক) terrorist (খ) a large bug  
(গ) important person (ঘ) a large insect

✓ ব্যাখ্যা : Big bug— ক্ষমতাশীল, গুরুত্বপূর্ণ ও অভিজাত ব্যক্তি (Important person)।

49. 'Bill of fare' is— [১৭তম বিসিএস ১৯৯৫-৯৬; ২০২১৩৭]

- (ক) A chart of bus fare (খ) A price list  
(গ) A valuable document  
(ঘ) A list of dishes at a restaurant

✓ ব্যাখ্যা : Bill of fare— A menu, a list of dishes in a restaurant বা খাদ্যতালিকা।

50. 'Bird's eye view' means— [২০২৩৫৪; ২০২৪২৫; ২০২১৫৩; ২০১৯০৫; প্রা. প্রা. (সহকারী শিক্ষক) ১৩]

- (ক) see exhaustively (খ) eyes of birds  
(গ) a view of the sky (ঘ) a rough idea

✓ ব্যাখ্যা : The phrase 'Bird's eye view' means an overall or cursory look at something. অর্থাৎ এর বাংলা অর্থ- মোটামুটি ধারণা, ভাসা ভাসা ধারণা (a general view or a rough idea).  
যেমন- The course gives you a bird's eye view of European ant history.

51. The birds and the bees means- [প্রাথমিক (সহকারী শিক্ষক) ১৮]

- (ক) The basic facts about sex  
(খ) The bird's eye view  
(গ) The birds and bees are good workers  
(ঘ) The relation between the birds and bees (ক)

✓ ব্যাখ্যা : The birds and the bees- যৌন সঙ্গম বিষয়ে প্রাথমিক ধারণা। উত্তর হবে the basic facts about sex.

52. Use the correct word/phrase-  
'Birds of the same- flock together'. [২০১৩০১]

- (ক) feather (খ) class (গ) group (ঘ) color (ক)

✓ ব্যাখ্যা : Birds of the feather flock together- ঝাঁকের কৈ ঝাঁকেই মিশে।

53. The expression, 'Birds of same feather' means- [২০২৩৫৪]

- (ক) Persons in similar nature.  
(খ) Birds of Prey.  
(গ) Persons of weak.  
(ঘ) Persons of weak nature. (ক)

✓ ব্যাখ্যা : 'Birds of same feather' বলতে একই স্বভাব, চরিত্র, ধরনের মানুষদেরকে বোঝায়। অর্থাৎ, person in similar nature.

Birds of prey- শিকারী পাখি।

Person's of weak nature- দুর্বল চরিত্র, ভীতু মনসম্পন্ন মানুষদের বোঝায়।

54. 'Black and blue' অর্থ কী? [২০২০০৯; প্রাথমিক (সহকারী শিক্ষক) (৪র্থ ধাপ) ১৯]

- (ক) উত্তম মধ্যম (খ) রঙ্গীন  
(গ) ধূসর (ঘ) কাল ও নীল (ক)

✓ ব্যাখ্যা : Black and blue- নির্মমভাবে প্রহার করা। উত্তম মধ্যম অর্থ- প্রহার করা।

Blue blood = আভিজাত্য বা উচ্চবংশে জন্ম এমন।

55. Which one is the correct phrase to fill in the gap of - 'The teacher beat the student'-  
[প্রা. গ. ম. (সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO)) ১৫]

- (ক) one by one (খ) black and blue  
(গ) black and white (ঘ) one after another (খ)

56. Choose the correct sentence. [২০১৮০৯]

- (ক) The teacher beat the student black and blue  
(খ) The teacher beat the student in black and blue  
(গ) The teacher bit the student black and blue  
(ঘ) The teacher bit the student in black and blue (ক)

57. 'Black sheep'-এর অর্থ হচ্ছে- [২০২৩০৯; ২০২০০৩; রে. বে. প্রা. (শিক্ষক) ১১; প্রা. বি. (প্রধান শিক্ষক) '০৯; প্রা. গ. ম. (পিটিআই ইনস্ট্রাক্টর) ১৯]

- (ক) A sheep of black colour  
(খ) Big sheep  
(গ) Wicked man  
(ঘ) Costly sheep (গ)

✓ ব্যাখ্যা : Black sheep- কুলাঙ্গার/ধূর্ত ব্যক্তি। উত্তর হবে Wicked man (পাজী লোক)।

58. 'In black and white' means - [২০২৪০৬; ২০২৪১৬; ২০২১১৪; ২০১৯০৯; ২০১৮০৬; ২০১৮০৫; ২০১৮০৪; ২০০৭০৫; প্রা. গ. ম. (পিটিআই ইনস্ট্রাক্টর (সাপরস)) ১৯; প্রাথমিক (সহকারী শিক্ষক) ১১; প্রাথমিক (সহকারী শিক্ষক) ১০; প্রাথমিক (সহকারী শিক্ষক) ১০]

- (ক) Truly (খ) In writing  
(গ) Falsely (ঘ) In color (খ)

✓ ব্যাখ্যা : The phrase 'In black and white' means in written or printed form. এর বাংলা অর্থ- লিখিতভাবে।  
যেমন- I want to see it in black and white.

Word	Meaning
Truly	সত্যিই
In writing	লিখিতভাবে
Falsely	মিথ্যাভাবে
In color	রং

∴ সঠিক উত্তর In writing.

59. 'Blockbuster' means- [১৭তম বিসিএস ১৯৯৫-৯৬]

- (ক) A large solid piece of stone  
(খ) A device to cut off a person's head as a punishment  
(গ) Something that makes movement difficult  
(ঘ) A powerful explosive to demolish buildings (ঘ)

✓ ব্যাখ্যা : Blockbuster- শক্তিশালী বিস্ফোরক, যা বাড়ি-ঘর বা বড় বড় স্থাপনা ধ্বংস বা ভাঙ্গার জন্য ব্যবহৃত হয়।

60. 'Blockbuster' means- [প্রা. গ. ম. (পিটিআই ইনস্ট্রাক্টর (টেক)) ১৬]

- (ক) a large solid piece of stone  
(খ) a device to cut off a person's head as a punishment  
(গ) something that makes movement difficult  
(ঘ) a book or film that is very successful, especially because it is exciting (ঘ)

✓ ব্যাখ্যা : 'Blockbuster' means a book or film that is notably expensive, effective, successful, large or extravagant; অর্থাৎ- ব্লকবাস্টার বলতে কোন বই বা মুভিকে বোঝায় যা খুব ব্যয়বহুল/ ব্যবসা সফল, বৃহৎ বা উত্তেজনাকর। অতএব, 'Blockbuster' means a book or film that is very successful, especially because it is exciting। এর বিপরীত- Flop.

61. 'Blue blood' phrase-টির অর্থ কী?  
[২০২০১৯; ২০১৬০৭; ২০০৮০২; ২০১০০৩; প্রাথমিক (সহকারী শিক্ষক) ১০]

- (ক) Scoundrel (খ) Sound health  
(গ) Aristocratic birth (ঘ) Blood of blue colour (গ)

✓ ব্যাখ্যা : "Blue blood" এর অর্থ-আভিজাত্য বা উচ্চবংশে জন্ম এমন। সঠিক উত্তর হবে Aristocratic birth বা noble birth.

62. 'Blue Blood' means— [২০২৪১৬; ২০২২২৬]

- (ক) a colourful blood (খ) noble birth  
(গ) wealthy man (ঘ) poor people

63. 'Blue chips' are— [১৭তম বিসিএস ১৯৯৫-৯৬; প্রা. প্রা. (সহকারী শিক্ষক) ১৪]

- (ক) Securities issued by the government  
(খ) Industrial shares considered to be a safe investment  
(গ) Industrial shares considered to be a risky investment  
(ঘ) Flat plastic counters used as money tokens

✓ ব্যাখ্যা : Blue chips— Industrial shares considered to be a safe investment। অর্থাৎ বাণিজ্যিক শেয়ার যা একটি নির্ভরযোগ্য বিনিয়োগ, যুক্তি কম।

64. 'Once in a blue moon' means— [৩৮তম বিসিএস ১৭; ২০২৩৬৭; ২০২৩৫৭; ২০২৩০৩; ২০২২২৩; ২০২১৬৫; ২০২০০৩; প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম পর্যায়) ২০; শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) ১৯; প্রা. গ. ম. (সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (TEO)) ১০]

- (ক) always (খ) very rarely  
(গ) nearly (ঘ) hourly

✓ ব্যাখ্যা : Once in a blue moon অর্থ— খুবই কম ঘটে না বললেই চলে।

65. The expression 'rarely' can be replaced by the idiom. [২০১০০২]

- (ক) catching some one redhanded  
(খ) with flying colours  
(গ) in the red  
(ঘ) once is a blue moon

66. A bolt from the blue means — [২০১৯১৩; ২০১৯১৭; ২০১৭০২]

- (ক) A thunderstorm  
(খ) A sudden unfortunate occurrence  
(গ) Sky falling on ones head  
(ঘ) None of the above

✓ ব্যাখ্যা : A bolt from the blue—বিনা মেঘে বজ্রপাতের মতো সম্পূর্ণ অপ্রত্যাশিত (A Sudden unfortunate occurrence)।

Example : The news of his death in early age was a bolt from the blue.

67. Fill in the gap with correct idiom :  
The news of his death struck us like a — from the blue. [২০১২০২]

- (ক) thunder (খ) bolt  
(গ) lightning (ঘ) bullet

68. The bad news struck him like a bolt from the— [২৯তম বিসিএস '০৯]

- (ক) sky (খ) heavens  
(গ) firmament (ঘ) blue

69. 'Boot leg' means to— [১৫তম বিসিএস ৯৩; ২০২১৪৩; ২০২১৫৩; শি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) ১৯; প্রা. প্রা. (সহকারী শিক্ষক) ১৩]

- (ক) distribute (খ) export  
(গ) import (ঘ) smuggle

✓ ব্যাখ্যা : Boot leg— চোরাকারবার করা, synonym— Smuggle। Distribute— বিতরণ করা, export— রপ্তানি, import— আমদানি।

70. The word 'boring chore' means — [২০২১৩৬]

- (ক) wastful effort (খ) absorbing thought  
(গ) tiresome work (ঘ) uninteresting work

✓ ব্যাখ্যা : Boring chore মানে বিরক্তিকর কাজ। এর সমার্থক হলো— tiresome work.

71. The meaning of the phrase 'bottom line' is — [২০২৩৮১; ১৫তম বিসিএস ৯৩; ২০২৪৩৫; ২০২৪২৫; ২০০৭০৩; প্রাথমিক (সহকারী শিক্ষক) (৪র্থ ধাপ) ১৯]

- (ক) The last line of a book  
(খ) The end of a road  
(গ) The essential point  
(ঘ) The final step

✓ ব্যাখ্যা : The phrase 'Bottom line' means the most important part of something or the essential point. এর বাংলা অর্থ— খুবই গুরুত্বপূর্ণ বিষয় বা পয়েন্ট। যেমন— Bottom line is i'm still married to Denny.

72. The term 'bounce back' means — [২০২১৫২; ২০১৯০৭]

- (ক) flaunt (খ) recover (গ) please (ঘ) topple

✓ ব্যাখ্যা : Bounce back— পুনরায় লাভ করা (recover)।

73. 'Brain-box' means : [২০১৮০৭]

- (ক) idea (খ) intelligent person  
(গ) thought (ঘ) wit

✓ ব্যাখ্যা : Brain box— একজন ব্যক্তি যে খুব বুদ্ধিমান (Intelligent person)।

74. "Brain child" means— [প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় পর্যায়) ২০]

- (ক) intelligent person (খ) a person's idea  
(গ) autistic child (ঘ) special child

✓ ব্যাখ্যা : Brain child হলো— এমন কোনো আইডিয়া বা উদ্ভাবন যা নির্দিষ্ট কোনো ব্যক্তির সৃষ্টি। The project was the brainchild of one of the students.

75. Break the ice [২০১৯৩৬; প্রাথমিক (সহকারী শিক্ষক) ১০]

- (ক) get someone out of trouble  
(খ) make someone feel comfortable  
(গ) meet someone after a long time  
(ঘ) take care of someone  
(ঙ) to overcome a challenge

✓ ব্যাখ্যা : Break the ice = start a conversation in a strained situation when strangers meet অথবা make someone feel more comfortable অথবা to remove the tension at a first meeting, at the opening of the party.

Example — That joke really broke the ice at the conference; we all relaxed after word

প্রসঙ্গত, break the news = দুঃসংবাদ দেয়া;

Break neck = অনুসরণ করা।

76. 'To break the ice' phrase-টির অর্থ কী? [২০২৩০৯; প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম পর্যায়) '২০]

- ক) To start a conversation
- খ) To end the hostility
- গ) To end up partnership
- ঘ) To start quarreling

77. 'Break a leg' means — [২০২৩৮০; ২০২৩৬১]

- ক) Good luck
- খ) Bad luck
- গ) To be failed
- ঘ) To hurt

✓ ব্যাখ্যা : 'Break a leg' অর্থ- সৌভাগ্য/ শুভকামনা

Word	Meaning
Good luck	সৌভাগ্য
Bad luck	হতভাগ্য
to be failed	ব্যর্থ হওয়া
to hurt	যন্ত্রণা

সুতরাং 'Break a leg' idiom টির অর্থ 'Good luck'.

78. The idiom 'break a leg' expresses — [২০২৩৭৩]

- ক) agony
- খ) good wishes
- গ) sorrow
- ঘ) curiosity

✓ ব্যাখ্যা : 'Break a leg' অর্থ- শুভকামনা/ সৌভাগ্য।

Word	Meaning
angry	যন্ত্রণা
good wishes	শুভকামনা
Sorrow	দুঃখ
Curiosity	কৌতূহল

সুতরাং, এখানে 'Break a leg' expression টির synonym হল 'good wishes'

79. 'Bring to book' এর অর্থ হচ্ছে— [২০২২৩১; ২০১৯৩৩; প্রা. প্রা. (সহকারী শিক্ষক) '১৪; প্রা. বি. (প্রধান শিক্ষক) '১২; প্রাথমিক (সহকারী শিক্ষক) '১০]

- ক) Rebuke
- খ) Valueless person
- গ) Books which are lost
- ঘ) Book written by famous writer

✓ ব্যাখ্যা : Bring to book— শাস্তি দেওয়া (punish)/বকা দেওয়া (rebuke)। উত্তর হবে Rebuke.

80. The idiom 'bring to book' means — [২০২৩০৮; শি. নি. প্র. (শিক্ষক) (ফুল) '২৪]

- ক) Book written by a famous writer
- খ) Punish
- গ) Valueless person
- ঘ) Impose

✓ ব্যাখ্যা : The phrase 'Bring to book' means to punish someone and make that person explain their behaviour. এর বাংলা অর্থ- শাস্তি দেওয়া। যেমন- The murderer will be found and brought to book.

81. Explain the meaning of 'Bring to pass'.

- ক) Cause to destroy
- খ) Cause to happen
- গ) Cause to carry out
- ঘ) Cause to convince

✓ ব্যাখ্যা : Bring to pass একটি phrasal expression এর অর্থ- ঘটানো (cause to happen)। যেমন- We should praise our government for what they brought to pass during this pandemic.

এরূপ- bring to book (ভৎসনা করা) → He was brought to book for his sin.

bring about (ঘটানো) → He brought about many reforms.

bring up (পালন করা) → He brought up his children with care.

82. A 'bull market' means, that share prices are— [১৭তম বিসিএস ১৯৯৫-৯৬; ২০২১৩৩; ২০২১২৩]

- ক) Falling
- খ) Rising
- গ) Moving
- ঘ) Static

✓ ব্যাখ্যা : Bull market— A market in which share prices are rising। অর্থাৎ- এমন শেয়ার বাজার যা উর্ধ্বগামী বা বাড়ছে এমন।

83. Choose the meaning of the idiom—

'Take the bull by the horns'.

- ক) To challenge the enemy with courage
- খ) Force the enemy to submit
- গ) Out of one's wit
- ঘ) surrender before the enemy

✓ ব্যাখ্যা : 'Take the bull by the horns' idiom টির অর্থ- সাহসের সাথে শত্রুর মোকাবেলা করা। তাই উত্তর হবে- to challenge the enemy with courage.

84. 'A burning question' means— [প্রাথমিক (সহকারী শিক্ষক) (৪র্থ ধাপ) '১৯]

- ক) an important question
- খ) a hard question
- গ) a uncommon question
- ঘ) a false question

✓ ব্যাখ্যা : A burning question অর্থ- গুরুত্বপূর্ণ বিষয়। সুতরাং উত্তর হবে an important question। Example : Unemployment problem is a burning question in our country.

85. 'By all means'-এর অর্থ হচ্ছে—

[২০২৩৫৫; ২০২৩৬৮; প্রা. প্রা. (সহকারী শিক্ষক) '১৩; প্রা. বি. (প্রধান শিক্ষক) '১২; প্রা. বি. (প্রধান শিক্ষক) '০৯]

- ক) Meaningless
- খ) Certainly
- গ) Uncertainly
- ঘ) Meaningful

✓ ব্যাখ্যা : By all means— নিশ্চিতভাবে। উত্তর হবে Certainly.

86. 'By fair means or foul'- phrase টির অর্থ হলো—

[প্রা. বি. (প্রধান শিক্ষক) '০৯]

- ক) Without difficulty
- খ) In any way, honest or dishonest
- গ) Without using common sense
- ঘ) Having been instigated

✓ ব্যাখ্যা : By fair means or foul যে কোন উপায়ে (সৎ বা অসৎভাবে)। তাই উত্তর হবে in any way, honest or dishonest.

87. 'By fits and starts' means— [২০১৪০৩; প্রা. প্রা. (সহকারী শিক্ষক) ১৪]

- (ক) Carefully (খ) Irregularly  
(গ) Regularly (ঘ) Attentively

✓ ব্যাখ্যা : By fits and starts— এলোমেলোভাবে সূতরাং উত্তর হবে irregularly.

88. He has learnt the poem — heart. ফাঁকা স্থানে কোনটি বসবে? [২০২৪১৪]

- (ক) with (খ) in (গ) by (ঘ) at

✓ ব্যাখ্যা : 'Learn something by heart' অর্থ— মুখস্ত করা। এটি একটি phrase and idiom। প্রদত্ত প্রশ্নের শূন্যস্থানে 'by' বসিয়ে অর্থ হয়— সে কবিতাটি মুখস্ত করেছে।

89. By hook or by crook means — [২০২১৩৮; ২০১৯০৮]

- (ক) At any cost (খ) Trying hard  
(গ) Heard and soul (ঘ) Never say die

✓ ব্যাখ্যা : By hook or by crook— যে কোন মূল্যে বা ছলে-বলে-কৌশলে (At any cost)।

90. Select the right sentence — [২০১৯১১]

- (ক) He will come back by and by.  
(খ) He will come back bye and bye.  
(গ) He will come back by the by.  
(ঘ) He will come back bye the bye.

✓ ব্যাখ্যা : By and by— অচিরে। সঠিক বাক্য হবে— He will come back by and by অর্থ— সে অচিরে ফেরত আসবে।

91. The phrases 'by and by' means— [২০২৩৫৬; ২০২৪৩৩]

- (ক) In course of taking (খ) Suddenly  
(গ) Soon (ঘ) as it would be

92. The idiom 'by and large' means — [৪৪তম বিসিএস '২২; ২০২৩৮২; ২০২৩৭৪; ২০২৩০১; ২০২১৬০]

- (ক) Very large (খ) Mostly  
(গ) Everywhere (ঘ) Far away

✓ ব্যাখ্যা : By and large মানে প্রধানত (mostly)

93. Which of the following phrases is correct? [২০২১৫৮]

- (ক) By the buy (খ) buy the by  
(গ) by the by (ঘ) bye the bye

94. 'Call it a day' means— [২০১৯৩৬; প্রাথমিক (সহকারী শিক্ষক) (৪র্থ ধাপ) ১৯]

- (ক) to be unhappy with the weather  
(খ) to pay someone a visit  
(গ) to raise doubts  
(ঘ) to stop work since enough has been done

✓ ব্যাখ্যা : Call it a day— কাজের সমাপ্তি ঘোষণা বা কাজ বন্ধ করে দেওয়া কারণ পর্যাপ্ত হয়েছে বলে মনে করা। উত্তর হবে to stop work since enough has been done.

95. 'Call to mind' means— [৩৩তম বিসিএস '১২; ২০১৮০৮; প্র. নি. প্র. (প্রজাবক) (কলেজ) ১৯]

- (ক) fantasize (খ) attend  
(গ) remember (ঘ) request

✓ ব্যাখ্যা : Call to mind — স্মরণ রাখা।  
Call all — বাতিল করা।  
Out of one's mind — নির্বোধ/পাগলের মতো আচরণ।  
Make up one's mind — মনস্থির করা।  
Speak one's mind — মনের কথা বলা।

96. 'Come to light' means — [২০২৪১৩; ২০২৪২০; ২০২৪২১]

- (ক) to publish (খ) in danger  
(গ) valid (ঘ) lighting

✓ ব্যাখ্যা : The phrase 'Come to light' means to become known or to publish. এর বাংলা অর্থ— প্রকাশিত হওয়া। যেমন— If facts come to light, they become known publicly.

Word	Meaning
To publish	প্রকাশ করা
In danger	বিপদে
Valid	বৈধ
Lighting	প্রজ্বলন

97. 'Capital punishment' means — [২০২১৩৮; ২০১৯১২; ২০০৭০৩]

- (ক) imprisonment (খ) freedom  
(গ) death penalty (ঘ) misery

✓ ব্যাখ্যা : Capital punishment— মৃত্যুদণ্ড দেওয়া (Death penalty)।

98. The phrase 'carry the day' means to — [২০১৯৪২]

- (ক) pass time (খ) be victorious  
(গ) suffer (ঘ) hope

✓ ব্যাখ্যা : Carry the day— জয়লাভ করা (be victorious)।

99. 'To carry coals to new castle' means — [২০১৯১৫; ২০১৯০৮]

- (ক) Always doing something  
(খ) Doing a useful job  
(গ) Carrying something valuable  
(ঘ) Doing a meaningless job

✓ ব্যাখ্যা : cary coals to new castle অর্থ— তেলা মাথায় আরো তেল দেয়া।

100. "Castles in the air" means— [২০১৭০৫; ২০১৭০৯]

- (ক) Romantic scenery (খ) Visionary project  
(গ) Fanciful schemes (ঘ) Idealistic thinking

✓ ব্যাখ্যা : Castle in the air— আকাশকুসুম কল্পনা (Fanciful schemes)। fanciful= কল্পনা-প্রসূত

101. 'A castle in the air' means? [২০২২১৭]

- (ক) Giving effort  
(খ) Making building  
(গ) Absurd imagination  
(ঘ) Silly dream

✓ ব্যাখ্যা : absurd imagination = অবাস্তব কল্পনা।

102. 'Corporal punishment' means — [২০২৩২৩]

- (ক) Mutual punishment.  
(খ) Capital punishment.  
(গ) Innovative punishment.  
(ঘ) Physical punishment

✓ ব্যাখ্যা : 'Corporal punishment' means the physical punishment of people by hitting them. এর বাংলা অর্থ— শারীরিক দণ্ড বা শাস্তি।  
যেমন— The school banned corporal punishment many years ago.  
∴ 'Corporal punishment' অর্থ— Physical punishment.

103. Catch a tartar means— [২০২২০৯]

- (ক) People of Turkey  
(খ) A cruel man  
(গ) Friendly atmosphere  
(ঘ) Meet a very powerful opponent

✓ ব্যাখ্যা : catch a tartar বা catch a turtle অর্থ— শত্রু লোকের পাল্লায় পড়া তথা meet a very powerful opponent.

104. It is raining cats and dogs. [২০১৯২৫; ২০১০০৩]

- (ক) lightly (খ) on animals  
(গ) at night (ঘ) heavily  
(ঙ) None

✓ ব্যাখ্যা : Cats and dogs— মুষলধারে (Heavily)।

105. The idiom 'cats and dogs' means— [২০২৩৫৪]

- (ক) enmity (খ) rain very hard  
(গ) chasing something (ঘ) very often

✓ ব্যাখ্যা : 'Cats and dogs' — মুষলধারে বৃষ্টি পড়া। এটি একটি phrase যার অর্থ মুষলধারে বৃষ্টি পড়া; raining very hard.

106. 'Cat's sleep' means —. [প্রাথমিক (সহকারী শিক্ষক) (১ম ধাপ) '২৩]

- (ক) sleep frequently (খ) be dismissed  
(গ) pretension of sleep (ঘ) sleep at night

✓ ব্যাখ্যা : 'Cat's sleep' → অর্থ ঘুমানোর ভাঁন করা।  
Frequent sleep → টানা ঘুমানো  
Be dismissed → নিঃশেষিত হওয়া/ অপসারিত  
Pretension of sleep → ঘুমানোর ভাঁন করা  
sleep at night → রাতে ঘুমানো।  
এখানে, 'Cat's sleep' idioms এর সঠিক অর্থ 'Pretension of sleep'.

107. 'Cock and Bull Story' means —

[২০২৩৮৫; ২০২২২২; ২০১৯১৬; শি. নি. প্র. (শিক্ষক) (মূল) '১৯; প্রা. গ. ম. (পিটিআই ইনস্ট্রাক্টর (সাধারণ)) '১৯]

- (ক) A wonderful story (খ) A tragedy  
(গ) A false story (ঘ) A table

✓ ব্যাখ্যা : 'Cock and Bull Story' means a story that is not true or a false story. এর বাংলা অর্থ— মিথ্যা গল্প বা গাঁজাখুরি গল্প। যেমন— Don't ask him about his ancestry unless you want to hear a cock and bull story.

108. I met him after a long time, but he gave me the cold shoulder.

[৪২তম বিসিএস (বিশেষ) ২০২০; ২০১১০৩]

- (ক) scolded me (খ) abused me  
(গ) ignored me (ঘ) insulted me

✓ ব্যাখ্যা : The cold shoulder— সৌজন্যহীন অভ্যর্থনা করা।

109. Not many people can commit such a heinous crime in cold blood.

— What does the italicized idiom above mean? [১৪তম বিসিএস (শিক্ষা) '৯২]

- (ক) in cool brain and calculated thought  
(খ) so patiently and thoughtfully  
(গ) so impatiently and thoughtlessly  
(ঘ) stirred by sudden emotion

✓ ব্যাখ্যা : in cold blood অর্থ— ঠাণ্ডা মাথায়, তাই সঠিক উত্তর হবে। in cool brain and calculated thought।

110. 'Come into question' means — [২০১৯৩৩]

- (ক) to become a matter for doubt  
(খ) to be a matter for praise  
(গ) to be a great event  
(ঘ) to become a matter for writing

✓ ব্যাখ্যা : Come into question— সংশয়ের বিষয়।

111. It never — my mind that Bangladesh might lose in the game. Fill in the gap with word from below. [২০২১৪৬]

- (ক) Cross (খ) Crossing  
(গ) Dreamt (ঘ) Crossed

✓ ব্যাখ্যা : Cross one's mind — মনে আসা  
past tense হওয়ায় এখানে crossed my mind হবে।

112. 'Cry wolf' means— [প্রা. প্রা. (সহকারী শিক্ষক) '১৪]

- (ক) Give a false alarm (খ) Bare one's teeth  
(গ) Clear the road (ঘ) Show anger

✓ ব্যাখ্যা : Cry wolf— বিপদ এসেছে বলে মিথ্যা চিৎকার দেওয়া।

113. 'Crying need' means —. [২০২৪০৮; ২০২৩৬৭]

- (ক) Basic need (খ) Highest need  
(গ) Emergency (ঘ) Urgent

✓ ব্যাখ্যা : Crying need অর্থ জরুরী প্রয়োজন

Word	Meaning
Basic need	মৌলিক প্রয়োজন
Highest need	সর্বোচ্চ প্রয়োজন
Emergency	জরুরী অবস্থা
Urgent	অতি জরুরী

এখানে 'crying need' মানে জরুরী প্রয়োজন যা 'urgent' এর সমার্থক। অন্যদিকে Emergency শব্দটি একটি অবস্থা নির্দেশ করে।

114. 'Cut and dry' means — [২০২৩০৭]

- (ক) Secret (খ) Already decided  
(গ) Brief (ঘ) Humorous

✓ ব্যাখ্যা : cut and dry = already decided, If you say that a situation is cut and dried, you mean that it is clear and definite.

Synonyms : clear-cut, settled, fixed etc |

humorous অর্থ- কৌতুকপূর্ণ

প্রসঙ্গত, cut a good figure অর্থ- পরীক্ষায় ভাল করা (do well); cut and thrust- উত্তেজনার প্রতিযোগিতা (intense competition); cut to the quick- মর্মান্বিত হওয়া (be hurt).

115. 'Cut and dry' means — [২০২৪২০]

- (ক) Humorous (খ) Fixed  
(গ) Brief (ঘ) Secret (ঙ)

✓ ব্যাখ্যা : 'Cut and dry' refers to a situation which is completely settled or fixed. এর বাংলা অর্থ- সম্পূর্ণরূপে সমাধান করা হয়েছে। যেমন- We need a cut and dried decision by the end of the week.

116. To cut the crap means— [প্রা. প্রা. (সহকারী শিক্ষক) ১৩]

- (ক) To humiliate  
(খ) To annoy someone  
(গ) To act in a friendly way  
(ঘ) To stop talking and start (ঙ)

✓ ব্যাখ্যা : To cut the crap এর অর্থ অপ্রাসঙ্গিক কথা বন্ধ করে সোজাসুজি মূল বিষয়ে যাওয়া। উত্তর হবে to stop talking and start.

117. When we say, 'The two brothers are at daggers drawn' we mean that they are — [২০১৯০৯]

- (ক) acquainted (খ) unknown  
(গ) friendly (ঘ) unfriendly (ঙ)

✓ ব্যাখ্যা : At daggers drawn- সাপে-নেউলে (Unfriendly)।

118. 'A dark coloured horse' means — [২০২০১৩; ২০১৯১৩]

অথবা, 'Dark horse' এর অর্থ হচ্ছে- [প্রা. বি. (প্রধান শিক্ষক) ১২]

- (ক) An unknown quality (খ) a black horse  
(গ) a dark (ঘ) Invisible horse (ঙ)

✓ ব্যাখ্যা : A dark coloured horse- অজানা দক্ষতা (An unknown quality)।

119. May Bangladesh prosper— [২০২৩৮৫; ২০২২২৯; ২০২০০৩;

শি. নি. প্র. (শিক্ষক) (ফুল) ১৯]

- (ক) day to day (খ) day by day  
(গ) day with day (ঘ) day of day (ঙ)

✓ ব্যাখ্যা : day by day = দিনে দিনে, উক্ত বাক্যটির অর্থ- বাংলাদেশ দিনে দিনে আরো উন্নত হোক।

120. 'Dead letter'-এর অর্থ হচ্ছে-

[২০২৪৩৫; রে. বে. প্রা. (শিক্ষক) ১১; প্রাথমিক (সহকারী শিক্ষক) ১০; প্রা. বি. (প্রধান শিক্ষক) ০৯; ২০২১৫০; ২০২২২৭]

অথবা, The Idiom 'Dead Letter' এর অর্থ কী?

[২০২৩৫৫; ২০২৩০৯]

- (ক) Bad letter (খ) Old letter  
(গ) Law not in force  
(ঘ) Letter written by an unknown person (ঙ)

✓ ব্যাখ্যা : Dead letter হলো- আনুষ্ঠানিক ভাবে বাতিল হয় নি এমন কোনো 'আইন' যা বর্তমানে কার্যকর নয় (not in force) বা যা এখন মানা হয় না। dead letter এর পারিভাষিক অর্থ- নির্লক্ষ্য পত্র বা বেনামী পত্র।

121. In the armed forces, it is considered a great privilege to die in harness. [২০১১০৩]

- (ক) die on a horse back (খ) die in the battlefield  
(গ) die while still working (ঘ) die with honour (ঙ)

✓ ব্যাখ্যা : Die in harness- কর্মাবস্থায় মারা যাওয়া।

122. The phrase 'Die in harness' means — [২০২৩৮০]

- (ক) die in business (খ) die in peace  
(গ) die in honour (ঘ) die in bed (ঙ)

✓ ব্যাখ্যা : The phrase 'Die in harness' refers to die while still working or on duty or before retirement. এর বাংলা অর্থ- কর্মরত অবস্থায় মারা যাওয়া (die in business)। যেমন- He died in harness in 1978, having already decided not to stand again.

123. The word 'dilly dally' means-

[২০তম বিসিএস ৯৮; ২০২৩৭৭ ২০১২০১]

- (ক) to dilute (খ) wait impatiently  
(গ) repeat (ঘ) waste time (ঙ)

✓ ব্যাখ্যা : 'Dilly dally' দ্বারা বুঝায় waste time (সময়ের অযথা অপচয়)। উদ্দেশ্যহীন ঘুরাফেরা এবং ইতস্তত ভাবে সময় নষ্ট করা। প্রসঙ্গত, Maiden speech- প্রথম বক্তৃতা, Tell upon- ক্ষতি করা।

124. A dime a dozen [২০১৯৩৬]

- (ক) to bargain on a deal (খ) to compare  
(গ) to close a deal (ঘ) something common  
(ঙ) None of these (ঙ)

✓ ব্যাখ্যা : A dime a dozen- এমন কিছু যা খুব সাধারণ এবং মূল্যহীন (Something common)।

125. What is the meaning of the idiom 'a round dozen'?

[১৪তম বিসিএস (শিক্ষা) ৯২; ২০২১৪৫]

- (ক) a little less than a dozen  
(খ) a little more than a dozen  
(গ) a full dozen (ঘ) round about a dozen (ঙ)

✓ ব্যাখ্যা : A round dozen অর্থ- সম্পূর্ণ ডজন। তাই সঠিক উত্তর a full dozen।

126. 'To do away with' means- [৩৬তম বিসিএস ১৬]

- (ক) to repeat (খ) to start  
(গ) to get rid of (ঘ) to drive off (ঙ)

✓ ব্যাখ্যা : To do away with অর্থ- ত্যাগ করা, বন্ধ করা। to get rid of অর্থ- মুক্ত হওয়া, ত্যাগ করা। তাই সঠিক উত্তর হবে- to get rid of.

127. To doctor an animal means —

[৪২তম বিসিএস (বিশেষ) ২০২০; ২০২১৬৭]

- (ক) to treat it (খ) to sterilize it  
(গ) to poison it (ঘ) to cure it (ঙ)

✓ ব্যাখ্যা : To doctor অর্থ first aid দিয়ে চিকিৎসা করা বা medical care বা এই জাতীয় কিছু।  
To doctor an animal অর্থ কোন প্রাণীর অংশবিশেষ অপসারণ করা যাতে জীবাণু বংশ বিস্তার করতে না পারে।  
এর সমার্থক হচ্ছে- neuter sterilize

128. Dog days means— [১৪তম বিসিএস (শিক্ষা) '৯২; ৪৩তম বিসিএস '২১; ২০২৩২৯; প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় ধাপ) '১৯]  
ক) a period of being carefree  
খ) a period of having youthful flings  
গ) a period of misfortune  
ঘ) hot weather

✓ ব্যাখ্যা : Dog days— উষ্ণতম সময় (বছরের), hot weather.  
129. The phrase 'Down to earth' means —  
[২০২৩৬০; ২০২১৪৯; সি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২৪; প্রা. গ. ম. (সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO)) '১৫]  
ক) Close to nature      খ) Soft hearted  
গ) Realistic              ঘ) Thrown to the

✓ ব্যাখ্যা : 'Down to earth' means practical, realistic and friendly. এর বাংলা অর্থ— বাস্তবজ্ঞান সম্পন্ন।  
যেমন— She is down-to-earth woman with no pretensions.

130. The phrase 'To embrace a habit' means— [২০১৬০১]  
ক) to reject it              খ) to eliminate it  
গ) to eagerly engage in it  
ঘ) be curious about it

131. 'To end in smoke' means —  
[৩১তম বিসিএস '১১; ২০২৩৮৪; ২০২৩০৭; ২০২১৬৬; ২০২১৩২; ২০১৯২২; ২০১৯০৮; ২০১৯১৮; সি. নি. প্র. (শিক্ষক) (স্কুল) '২২]  
ক) To create fire  
খ) To pie fine  
গ) To thorough authority  
ঘ) To come to nothing

✓ ব্যাখ্যা : 'To end in smoke' means to come to nothing or to not produce good result. এর বাংলা অর্থ— ব্যর্থ হওয়া বা ফলপ্রসূ না হওয়া। যেমন— All the efforts of the teacher to make the students listen ended in smoke.

132. নিম্নলিখিত হওয়া বোঝাতে কোন Phrase টি ব্যবহৃত হয়? [২০২৩৪৮]  
ক) Come to grief          খ) Come to blow  
গ) End in smoke          ঘ) Fall short

✓ ব্যাখ্যা :

Word	Meaning
Come to grief	দুর্যোগের সম্মুখীন হওয়া
Come to blow	হাতাহাতি করা
End in smoke	নিষ্ফল হওয়া
Fall short	ঘাটতি হওয়া

∴ নিষ্ফল হওয়া বোঝাতে 'End in smoke' phrase টি হয়।

133. The expression 'an exciting and interesting time' can be replaced by— [২০১০০২]  
ক) school of thought      খ) white elephant  
গ) once is a blue moon      ঘ) a whale of a time

134. Raj and Taj have never seen eye to eye on politics. [২০২০১৩; প্রাথমিক (সহকারী শিক্ষক) '১২]  
ক) Sharing the same view      খ) Intimacy  
গ) Disagreement party      ঘ) Enmity  
ঙ) None

✓ ব্যাখ্যা : See eye to eye— সম্পূর্ণ একমত হওয়া।

135. 'See eye to eye' means —. [২০২৪১৯]  
ক) hating someone  
খ) agreeing with someone  
গ) loving someone  
ঘ) showing disagreement

✓ ব্যাখ্যা : 'See eye to eye' means to be in full agreement with someone. এর বাংলা অর্থ— সম্পূর্ণ একমত হওয়া। যেমন— The boss and I do not always see eye to eye.

136. What is meaning of 'face the music'? [২০১৯০৬]  
ক) run away from a problem  
খ) create a problem  
গ) deal with a problem  
ঘ) hide the truth

✓ ব্যাখ্যা : Face the music— সংকটের সম্মুখীন হওয়া।

137. 'Fag end' means— [প্রা. প্রা. (সহকারী শিক্ষক) '১৪; ২০১০০২]  
ক) The last part              খ) Foggy  
গ) Cut a bad figure          ঘ) Unfair

✓ ব্যাখ্যা : Fag end— শেষ অংশ। উত্তর হবে the last part.

138. 'Fall into line.' idiom টির অর্থ হচ্ছে— [২০২৩৪৭; প্রাথমিক (সহকারী শিক্ষক) '১২]  
ক) Disagree      খ) Honest      গ) Brave      ঘ) Agree

✓ ব্যাখ্যা : Fall into line এর অর্থ একমত হওয়া। সঠিক উত্তর হবে Agree.

139. 'Few and far between' means— [২০১৮০১; ২০১৮০৪; ২০১০০৪]  
ক) too far                      খ) in between  
গ) rarely                        ঘ) long distance

✓ ব্যাখ্যা : Few and far between— কদাচিৎ (Rarely)।

140. 'Few and far between' means— [২০২২২৬]  
ক) infrequent                  খ) always  
গ) regular                      ঘ) yesterday

✓ ব্যাখ্যা : frequent = ঘন ঘন; infrequent = কদাচিৎ; veryfew = কদাচিৎ

141. 'Few and far between' means— [২০২৩০৪]  
ক) Distant things              খ) In frequent  
গ) Very few                      ঘ) In between

142. 'To fight shy of' means — [২০২২০২; ২০২২৩৪]  
ক) to adopt                      খ) to snatch  
গ) to quarrel                    ঘ) to avoid

- ✓ ব্যাখ্যা : 'To fight shy of' মানে কোনো কিছুতে জড়তে অনিচ্ছুক (to avoid)।  
example : I'm naturally a peacemaker, so I always fight shy of tension. [২০২২২০]

143. 'Fight shy of' means. [২০২২২০]

- (ক) quarrel of shy people  
(খ) war between weak options  
(গ) trying to avoid a person  
(ঘ) helping the poor people [গ]

144. What is the meaning of the idiom 'finger in the pie'?

- (ক) involving in something  
(খ) uninterested in something  
(গ) getting out of something  
(ঘ) showing disliking [ক]

- ✓ ব্যাখ্যা : Finger in the pie— কোনো খারাপ কাজে জড়িত হওয়া (Involving in something)।

145. He works by fits and starts in the office. Here the words underlined means — [২০২১২৩; ২০১৯০১]

- (ক) regularly (খ) slowly  
(গ) irregularly (ঘ) quickly  
(ঙ) None [গ]

- ✓ ব্যাখ্যা : Fits and starts— অনিয়মিতভাবে (Irregularly)।

146. 'With flying colours' means— [২০২৪৪৪; ২০২৩৪০; ২০২৩৩৬; ২০১০০৪]

- (ক) Flying bird (খ) Victoriously  
(গ) Colourful (ঘ) Aimlessly [খ]

- ✓ ব্যাখ্যা : 'With flying colours' means victoriously. এর বাংলা অর্থ— বিজয়দৃষ্টভাবে। এটি দ্বারা জয়লাভ করা বোঝায়, যা victoriously কে বোঝায়। যেমন— She passed her exams with flying colours.

147. 'Foot loose and fancy-free' means— [২০২১৬৭]

- (ক) unemployed  
(খ) whose foot is lost  
(গ) free to enjoy oneself  
(ঘ) imaginative [গ]

- ✓ ব্যাখ্যা : Foot loose and fancy free মানে free to enjoy oneself বা free of responsibility.

148. Choose the appropriate meaning from the four alternative of the following idiom—

'FOR GOOD' [২০১৯২৫; ২০০৭০৬; প্রা. গ. ম. (সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO)) ১৫]

অথবা, The idioms 'for good' means— [২০২৪২৬]

অথবা, 'For good' means— [২০২৪২৪]

- (ক) For a good cause (খ) Temporarily  
(গ) Permanently (ঘ) Seriously [গ]

- ✓ ব্যাখ্যা : For good— চিরতরে (Permanently)।

149. The phrase 'French leave' means —. [২০২৪০৯]

- (ক) unlicensed leave  
(খ) authorized leave  
(গ) leave for visiting France  
(ঘ) leave for enjoyment [ক]

- ✓ ব্যাখ্যা : The phrase 'French leave' means a departure without saying good bye, asking permission or giving notice. এর বাংলা অর্থ— অনুমোদন ছাড়া কাজ বা পরিষেবা থেকে অনুপস্থিতি (unlicensed leave)। যেমন— Early in the wedding reception I had to take French leave to address a family crisis.

150. The construction of Metrorail is going on — [২০২১৫৯]

- (ক) In full swing (খ) In out swing  
(গ) In reverse swing (ঘ) In late swing [ক]

- ✓ ব্যাখ্যা : In full swing মানে পুরোদমে। শূন্যস্থানে In full swing বসিয়ে বাক্যের অর্থ— মেট্রোরেলের কাজ পুরোদমে চলছে।

151. Choose the word/phrase that best retains the meaning of the underlined word/phrase in the given sentences :

Despite being a brilliant scientist, he does not seem to get his ideas across. [৩২তম বিসিএস (কিশর) ১২]

- (ক) make his ideas understood  
(খ) get his ideas down pat  
(গ) summarise his ideas  
(ঘ) put together his ideas [ক]

- ✓ ব্যাখ্যা : get ideas across একটি phrasal verb। এর অর্থ— বুঝতে পারা বা make others understand।

152. 'Get rid of' means— [২০২৪৪৮; ২০২২১৭; সি. সি. এ. (শিক্ষক) (ফ্লা) ১৯]

- (ক) listen (খ) express  
(গ) pretend (ঘ) to be free from [ঘ]

- ✓ ব্যাখ্যা : Get rid of— কোন কিছু থেকে মুক্ত হওয়া।

153. Nobody's going to call me names and —. [২০১৯০৬]

- (ক) get away with it (খ) get up with it  
(গ) get on with it (ঘ) get away from it [ক]

- ✓ ব্যাখ্যা : call somebody names অর্থ— গালমন্দ করা আর get away with something অর্থ— অন্যায় করেও পার পাওয়া। তাহলে শূন্যস্থানে অপশন (ক) বসলে বাক্যটি অর্থপূর্ণ হয়।

154. 'To get along with' means— [৪৪তম বিসিএস '২২; ২৮তম বিসিএস '০৮; ২০২৪২৫; ২০২১৪৩; ২০১৮০৩]

- (ক) to adjust (খ) to accompany  
(গ) to interest (ঘ) to walk [ক]

- ✓ ব্যাখ্যা : To Get along with একটি phrasal verb যার অর্থ— To have a friendly, pleasant or amicable relationship with One (কারো সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক) Option গুলোর অর্থ— To adjust (খাপ খাওয়ানো) কারো সাথে ভালো সম্পর্ক না থাকলে খাপ খাওয়ানো যায় না।

155. Farid behaves strangely at times and, therefore, nobody gets — with him. [২০২৩৪৫]

- (ক) about (খ) through  
(গ) along (ঘ) up

156. 'Come along with' means : [২০২২২৬]

- (ক) leave (খ) accompany  
(গ) guilt (ঘ) draw nearer

✓ ব্যাখ্যা : come along with = accompany (সঙ্গে আসা)  
come along = arrive/make progress  
example : A chance like this doesn't come along everyday.

157. A political leader should have the gift of the gab. [২০১৯০১]

- (ক) skill (খ) eloquence  
(গ) honesty (ঘ) courage  
(ঙ) None

✓ ব্যাখ্যা : Gift of the gab- বাকপটুতা (Eloquence)।

158. 'The gift of the gab' means [২০২৪০১; ২০২৩৩২]

- (ক) Gift of nature  
(খ) Ability  
(গ) A reward  
(ঘ) Ability to speak easily

159. 'Give somebody a piece of your mind' means to— [৪৩তম বিসিএস '২১; ২০২৩২০]

- (ক) tell someone that you are very angry with them.  
(খ) say exactly what you feel or think.  
(গ) return or to help somebody return to a normal situation.  
(ঘ) give somebody mental peace.

✓ ব্যাখ্যা : give someone a piece of your mind অর্থ- কাউকে রাগান্বিতভাবে এটা বলা যে সে কাজটি ঠিক করে নি।

160. My car finally 'gave up the ghost'. What is the meaning of underlined idiom? [২০২৩২৩]

- (ক) To die  
(খ) To stop working.  
(গ) To get released of ghost.  
(ঘ) To come out of disorder.

✓ ব্যাখ্যা : 'Gave up the ghost' মানে- শেষ নিশ্বাস ত্যাগ করা (ব্যক্তির ক্ষেত্রে), অর্কেজো হওয়া (বস্তুর ক্ষেত্রে)। To stop working হলো সঠিক উত্তর।

161. I am desperate. All I need really is someone to —. [২০২০০৫; ২০১৯০৬]

- (ক) take me a hand (খ) put me a hand  
(গ) give me a hand (ঘ) show me a hand

✓ ব্যাখ্যা : Give me a hand অর্থ- আমাকে সাহায্য করো।

162. I decided to go — with my friend as I needed some exercise. [প্রা.প্রা. (সহকারী শিক্ষক) ১৫]

- (ক) to walk (খ) for a walk  
(গ) for walking (ঘ) walk

✓ ব্যাখ্যা : আমি সিদ্ধান্ত নিয়েছি হাটতে যাব। হাটতে যাওয়া অর্থে 'go for a walk' phrase ব্যবহৃত হয়।

163. Choose the correct meaning of 'Greek to'. [২০২০১৮]

- (ক) গ্রিক দেশে (খ) অজানা (গ) বীর (ঘ) যোদ্ধা

✓ ব্যাখ্যা : Greek to মানে এমন কিছু যা কেউ বুঝতে পারে না অর্থাৎ অজানা।

164. 'A green horn'— phrase-টির অর্থ কী? [প্রাথমিক (সহকারী শিক্ষক) ১০]

- (ক) An inexperienced man (খ) A trainee  
(গ) A soft hearted man (ঘ) An envious lady

✓ ব্যাখ্যা : 'A green horn' অর্থ অনভিজ্ঞ ব্যক্তি। An inexperienced man হবে সঠিক উত্তর।

165. 'Green eye' means — [২০২১১৭; ২০২১১৬; ২০২১৫৪]

- (ক) Jealousy (খ) Green movement  
(গ) Good eyesight (ঘ) Green garden

✓ ব্যাখ্যা : Green eye মানে ঈর্ষা, হিংসা (Jealousy)।

166. 'The green-eyed monster' means — [২০২৩৩৯]

- (ক) hatred (খ) love  
(গ) live (ঘ) jealousy

✓ ব্যাখ্যা : 'The green-eyed monster' means a feeling of jealous envy or jealousy. এর বাংলা অর্থ- ঈর্ষা করা বা হিংসা করা। যেমন- Othello fell under the sway of the green-eyed monster.

167. 'Hand to mouth' অর্থ কী? [২০২৩১১]

- (ক) হাত থেকে মুখ পর্যন্ত (খ) দিন আনে দিন খায়  
(গ) নিজ হাতে খায় (ঘ) হাত ও মুখ

✓ ব্যাখ্যা : Example : The poor lives from hand to mouth.

168. 'Hard and fast'— phrase টির অর্থ কি? [২০২৩৪৫; ২০২০০২; ২০১৮০৬; প্রাথমিক (সহকারী শিক্ষক) ১২; প্রা. বি. (প্রধান শিক্ষক) '০৯]

- (ক) Easy matter (খ) Difficult matter  
(গ) Fixed (ঘ) Loose

✓ ব্যাখ্যা : Hard and fast- ধরাবাঁধা নিয়ম। উত্তর হবে fixed.  
example : There are no hard and fast rules about that।

169. What is the Bengali meaning of 'hard and fast'? [২০২৩৫৪]

- (ক) বাঁধাধরা (খ) নিয়মমত  
(গ) ঠিকমত (ঘ) ভালোভাবে

✓ ব্যাখ্যা : 'Hard and fast' অর্থ- বাঁধাধরা।  
যেমন- There are no hard and fast rules the governing the size of companies in the portfolio.

170. 'To have full hands' এর অর্থ— [প্রা. বি. (প্রধান শিক্ষক) ১২; প্রাথমিক (সহকারী শিক্ষক) ১০]

- (ক) To be fully occupied  
(খ) To be in lot of troubles  
(গ) To lead an easy life  
(ঘ) To be rich

✓ ব্যাখ্যা : To have full hands— ব্যস্ত থাকা এবং অন্য কোন কাজ করার কোন সুযোগ না থাকা। উত্তর হবে to be fully occupied.

171. 'To have an axe to grind' means— [২০২২২৮]

- (ক) A selfish means to serve  
(খ) To fail to arouse interest  
(গ) To have no result  
